

## এসইআইপি প্রশিক্ষণ প্রকল্পে ক্রিয়েটিভ আইটি

০৭ জানুয়ারী, ২০১৬ ইং



বাংলাদেশ ব্যাংকের 'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' (এসইআইপি) প্রশিক্ষণ প্রকল্পে তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান হিসেবে সংযুক্ত হলো ক্রিয়েটিভ আইটি। রোববার আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান ক্রিয়েটিভ আইটির চেয়ারম্যান মো. মনির হোসেনের কাছে এ সংক্রান্ত একটি অনুমোদনপত্র হস্তান্তর করেন। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে এসইআইপি সমপর্কে বলা হয়, প্রকল্পের আওতায় আগামী ৩ বছরে আইসিটি, গার্মেন্ট, লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্সসহ ১২টি ট্রেড কোর্সে প্রথম পর্যায়ে ১০ হাজার ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। সারাদেশ থেকে আবেদন করা ১৫৭টি প্রতিষ্ঠানের মধ্যে ক্রিয়েটিভ আইটিসহ নির্বাচিত আটটি প্রতিষ্ঠানকে এ প্রশিক্ষণ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়।